# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 08-01-2026** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) এসআইআর শুনানিতে প্রমাণপত্র হিসাবে জমা দেওয়া রাজ্যের জারি করা ডোমিসাইল সার্টিফিকেট আপাপতত গ্রহণযোগ্য নয় বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২) রাজ্যের কোথাও, ইচ্ছাকৃতভাবে বিএলও-দের মাধ্যমে শুনানির ভুল নোটিস পাঠানোর ঘটনা সামনে এলে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট ইঙ্গিত দিয়েছে।

৩) কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা আজ কলকাতায় আসছেন। তার সফরে বেশ কয়েকটি সরকারি ও রাজনৈতিক কর্মসূচী রয়েছে।

৪) গঙ্গাসাগর মেলার আনুষ্ঠানিক উদ্বোধন হচ্ছে আজ।

৫) রাজ্যে শীতের প্রকোপ অব্যাহত।

-----------------------------------------------------------------------------------------

এসআইআর শুনানিতে প্রমাণপত্র হিসেবে জমা দেওয়া রাজ্যের জারি করা ‘ডোমিসাইল সার্টিফিকেট’ আপাতত গ্রহণযোগ্য নয়। ইতিমধ্যেই যে সমস্ত ভোটার এই শংসাপত্র জমা দিয়েছেন, তাঁদের ফের শুনানির জন্য ডাকা হতে পারে বলে ইঙ্গিত মিলেছে। কমিশনের তরফে জানানো হয়েছে এস আই আর এ প্রামাণ্য নথি হিসেবে রাজ্যের জারি করা স্থায়ী ঠিকানা বা বাসস্থান সংক্রান্ত শংসাপত্র বলতে যা বোঝানো

হয়েছে, ডোমিসাইল সার্টিফিকেট তার আওতায় পড়ে না। প্রতিটি রাজ্যে ডোমিসাইল সার্টিফিকেট ইস্যুর জন্য নির্দিষ্ট সরকারি নির্দেশিকা বা জিও রয়েছে। এই রাজ্যের এই সংক্রান্ত শেষ সরকারি নির্দেশিকা অনুযায়ী, মূলত সেনাবাহিনী ও বিভিন্ন আধা সামরিক বাহিনীর চাকরিপ্রার্থী অবাঙালি  নির্দিষ্ট কিছু শ্রেণির মানুষ এই সার্টিফিকেটের জন্য যোগ্য বলে উল্লেখ ছিল। কিন্তু বর্তমানে অভিযোগ, রাজ্যে অনেক ক্ষেত্রেই নিয়ম না মেনে ডোমিসাইল সার্টিফিকেট ইস্যু করা হচ্ছে। সেই কারণে প্রামাণ্য নথি হিসেবে ওই শংসাপত্রকে ব্যবহার করা যাবে না।

---------------------

রাজ্যের কোথাও ইচ্ছাকৃতভাবে বুথ লেভেল অফিসারদের মাধ্যমে শুনানির ভুল নোটিস পাঠানোর ঘটনা সামনে এলে কড়া পদক্ষেপ করা হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট ইঙ্গিত দিয়েছে। কমিশন সূত্রে জানানো হয়েছে, যদি প্রমাণ মেলে যে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ভোটারদের বিভ্রান্ত করতে বা প্রক্রিয়াকে প্রভাবিত করার জন্য ভুল নোটিস পাঠানো হয়েছে, সে ক্ষেত্রে দোষীদের বিরুদ্ধে এফআইআর দায়ের পর্যন্ত করা হতে পারে।

নির্বাচন কমিশনের একাংশের বক্তব্য, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন একটি সংবেদনশীল ও আইনসিদ্ধ প্রক্রিয়া। সেখানে কোনও রকম অসৎ উদ্দেশ্যে বা প্রশাসনিক গাফিলতি বরদাস্ত করা হবে না। তাই ভুল নোটিসের অভিযোগ এলে প্রতিটি ঘটনাই আলাদা করে খতিয়ে দেখা হবে এবং প্রয়োজনে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে কমিশন সূত্রে জানানো হয়েছে।

---------------------

আসন্ন বিধানসভা ভোটে রাজ্যে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে কোনও সমস্যা হবে না বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে। একসঙ্গে পাঁচ রাজ্যে বিধানসভা

নির্বাচন থাকলেও প্রয়োজন অনুযায়ী কেন্দ্রীয় বাহিনী পাওয়া যাবে বলে কমিশনের তরফে জানানো হয়েছে। পাশাপাশি ভোটের কাজে প্রায় ৩৫ হাজার রাজ্য পুলিশ মোতায়েন করা হবে বলেও কমিশনকে জানিয়েছে রাজ্য সরকার।

---------------------

এস আই আর আবহে প্রায় দশ হাজার নতুন ভোটার কার্ড ফেরত আসার ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে নিয়মমাফিক ডাক বিভাগ মারফত ওই কার্ডগুলি মালিকদের ঠিকানায় পাঠানো হয়েছিল। কিন্তু প্রাপকদের সন্ধান মেলেনি। এ প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ না হওয়া পর্যন্ত এ নিয়ে কোনও পদক্ষেপ গ্রহণ করা হবে না। ওই কার্ডগুলি যাদের নামে ইস্যু করা হয়েছে তাদের নাম চূড়ান্ত ভোটার তালিকায় থাকলে পুনরায় পদ্ধতি মেনে তাদের তা পাঠানোর ব্যবস্থা করা হবে।

---------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্বে ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে আজ আর এক দফা শুরু হয়েছে ইভিএম এবং ভিভিপ্যাটের ফার্স্ট লেভেল চেকিং। চলবে আগামী ১৪ ই জানুয়ারি পর্যন্ত।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, জেলা নির্বাচনী আধিকারিক, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এবং নির্বাচন কমিশনের সরাসরি তত্ত্বাবধানে এই যাচাই প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে। জাতীয় এবং রাজ্যের সমস্ত রাজনৈতিক দলকে ইতিমধ্যেই প্রতিনিধি পাঠানোর জন্যে বলা হয়েছে।

একমাত্র ফার্স্ট লেভেল চেকিং-এই পরীক্ষিত ভোটযন্ত্রই নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে।

---------------------

নির্বাচন কমিশন, আজ জরুরি ভিত্তিতে দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসতে চলেছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সকাল ১০টা থেকে সিইওদের সঙ্গে এই বৈঠক করবেন।

চলতি SIR প্রক্রিয়া, ভোট প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়েই এই বৈঠকে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

---------------------

বিকশিত ভারত গঠনে অন্যান্য ক্ষেত্রের মত ২০২৫ সালে প্রযুক্তিগত যাত্রায় এসেছে গুরুত্বপূর্ণ পরিবর্তন। এই বছরটি প্রযুক্তির সাথে ভারতের সম্পর্ককে দৃঢ় করেছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

---------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ২০২৫ক্রীড়া জগতের - মাইলফলক। বিশিষ্ট ক্রীড়া সাংবাদিকরূপক সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা আজ দুই দিনের সফরে রাজ্যে আসছেন। এই সফরে তিনি বিজেপির পশ্চিমবঙ্গের কোর কমিটির সদস্যদের সঙ্গে বৈঠক করার পাশাপাশি জেলা পর্যায়ের নেতার সঙ্গেও মত বিনিময় করবেন। শ্রী নাড্ডা বিজেপি-র ডক্টরস সেলের সদস্যদের সঙ্গেও মিলিত হবেন। আগামীকাল তিনি নদিয়ার কল্যাণী

AIIMS-এ অত্যাধুনিক চিকিৎসা পরিষেবার একাধিক ইউনিটের উদ্বোধন করবেন। এইমসের কার্যনির্বাহী আধিকারিক অরবিন্দ সিনহা সাংবাদিক সম্মেলনে এ কথা জানান।

---------------------

এ রাজ্যে প্রশাসন সম্পূর্ণ ব্যর্থ বলে বিজেপি'র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। উত্তর চব্বিশ পরগনার হাবড়ায় গতকাল পরিবর্তন সংকল্প সভার শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শমীক বাবু বলেন, শাসকদলের নেতা এবং সাধারণ মানুষদের জন্য আলাদা আইন রয়েছে। রাজ্যে বঞ্চিত চাকরিপ্রার্থী, সরকারি কর্মীদের দাবির প্রতি মুখ্যমন্ত্রীর কোনো সহমর্মিতা নেই, তিনি বাংলাদেশি অনুপ্রবেশকারী, মৃত, ভুয়ো ভোটারদের নাম ভোটার তালিকায় রাখার জন্য উদগ্রীব। রাজ্য সরকারের নির্দিষ্ট জমি নীতি নেই বলে অভিযোগ করে শমীক বাবু বলেন, কৃষকদের কাছ থেকে জমি নিয়ে শুধু ক্ষতিপূরণ বা জমির দাম দেওয়া নয়, নির্দিষ্ট শিল্পে কৃষকের অংশীদায়িত্ব নিশ্চিত করতে চান তারা।

---------------------

কলকাতার আউটরাম ঘাটে আজ বিকেলে সাগর মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সুষ্ঠুভাবে মেলা সম্পাদন করতে প্রস্তুত জেলা প্রশাসন। মুড়িগঙ্গা চ্যানেলে পারাপারের সময় ঘন কুয়াশায় দৃশ্যমানতা ঠিক রাখতে প্রতিটি মিনারে বিশেষ ফগ লাইটের ব্যবস্থা করা হয়েছে। এ মাসের ৯ থেকে ১৭ তারিখ পর্যন্ত মেলার সঙ্গে সংশ্লিষ্ট সকলের এবং আগত পূণ্যার্থীদের জন্য রাজ্য সরকার পাঁচ লক্ষ টাকার বীমার ব্যবস্থা করেছে। এবারের গঙ্গাসাগর মেলায় শাহী স্নান শুরু হবে মকর সংক্রান্তির ভোর থেকেই। তবে জানুয়ারি মাসের শুরু থেকেই সাগর দ্বীপে পুন্যার্থীদের ঢল নেমেছে।

লট এইট, কচুবেড়িয়া, নামখানা, চিমাগুড়ি ও মেলা প্রাঙ্গণ মিলিয়ে মোট পাঁচটি অস্থায়ী হাসপাতাল তৈরি করা হয়েছে ১২৫ শয্যা বিশিষ্ট,এছাড়াও অসুস্থতা জনিত যেকোনো কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে একটি air অ্যাম্বুলেন্স তিনটি ওয়াটার অ্যাম্বুলেন্স সহ 100 টি অতিরিক্ত অ্যাম্বুলেন্স প্রস্তুত রাখা হয়েছে। একটি প্রতিবেদন।
ভয়েসকাস্ট অভিজিত্

---------------------

রাজ্যে শীতের প্রকোপ অব্যাহত। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা গতকালের থেকে বাড়লো তার স্বাভাবিকের থেকে কমই রয়েছে। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১১ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩ ডিগ্রি কম। আজ রাজ্যে শীতল আবহাওয়া পরিস্থিতি থাকার সম্ভাবনা রয়েছে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা নদিয়া মুর্শিদাবাদ এবং হুগলি জেলায়। সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা এক দুই ডিগ্রী বাড়লেও তা স্বাভাবিকের থেকে কম থাকবে এবং আগামী সাতদিন রাজ্যে শীতল আবহাওয়ায় পরিস্থিতি বজায় থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

--------------------- ---------------------